

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৭(আগরতলা, ১৬।০৪)
বিশালগড়, ১৬ এপ্রিল, ২০১৮

দেশের ঐতিহ্যময় কৃষ্টি ও সংস্কৃতির প্রসারে সবাইকে
এগিয়ে আসতে হবে : উপমুখ্যমন্ত্রী

উন্নত সমাজ গঠনে দেশের ঐতিহ্যময় কৃষ্টি ও সংস্কৃতির প্রসারের উপর গুরুত্ব আরোপ করেছেন উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা। গতকাল বিশালগড় মহকুমার ব্রজপুর নাট মন্দিরে বৈশাখী উৎসব ও চড়ক সাংস্কৃতিক সন্ধ্যার উদ্বোধন করে তিনি বলেন, দেশের ঐতিহ্য ধারার সাথে সংপৃক্ত কৃষ্টি ও সংস্কৃতিকে ভুলে গেলে চলবে না। দেশের কৃষ্টি ও সংস্কৃতির প্রসারে সবাইকে এগিয়ে আসতে হবে। উপমুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের নব গঠিত সরকার রাজ্যের ঐতিহ্যময় সংস্কৃতিকে রক্ষা করা ও তার প্রসারে গুরুত্ব দিয়েছে। সরকারের লক্ষ্য এক উন্নত ত্রিপুরা গড়ে তোলা, এই লক্ষ্যে সরকার বাস্তবমুখী বিভিন্ন পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছে। তিনি বলেন, উন্নয়নের ক্ষেত্রে রাজনীতির রঙ বিচার করা হবেনা। প্রত্যেক রাজ্যবাসীর কল্যাণে সরকার কাজ করবে। তিনি বলেন, প্রশাসনকে রাজনীতি মুক্ত রাখা সরকারের অন্যতম লক্ষ্য। রাজ্যে অনেক সমস্যা রয়েছে - এই সমস্যা দূর করে রাজ্যের সার্বিক বিকাশে সরকার বদ্ধপরিকর। উপমুখ্যমন্ত্রী এই কাজে রাজ্যের সব অংশের মানুষের স্বেচ্ছাসেবিত্ব সহযোগিতা চেয়েছেন।

বৈশাখী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ব্রজপুর রামকৃষ্ণ মিশন ও শক্তি মঠের মহারাজ দেবেশানন্দ বলেন, সুস্থ ও সুন্দর সমাজ গঠনে যুব সম্প্রদায়কেই এগিয়ে আসতে হবে। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ব্রজপুর বাজার কমিটির সম্পাদক রণজিৎ দাস। উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী তাপস দাস, রাজকুমার দেবনাথ প্রমুখ। সভাপতিত্ব করেন নন্দলাল ধর। স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক এথেনা মিত্র। বৈশাখী উৎসব ও চড়ক সাংস্কৃতিক সন্ধ্যা উপলক্ষে অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। আগরতলা থেকে আসা ও স্থানীয় শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন। ব্রজপুর শিববাড়ি উন্নয়ন কমিটি এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এই উৎসব আয়োজিত হয়।
